শৈলকুপায় মাধ্যমিক বিদ্যালয়ের পাঠদান কক্ষে দোকান

যেখানে ছাত্রছাত্রীদের জন্য পাঠদান কক্ষ আর সেখানেই রীতিমত চেয়ার টেবিল,বেঞ্চ সরিয়ে বানানো হয়েছে দোকান ঘর, এমনটি দেখা যায় ঝিনাইদহের শৈলকুপা উপজেলার অচিন্ত্যপুর মাধ্যমিক বিদ্যালয়ে। সরেজমিনে দেখা যায়, বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেনীর একটি কক্ষে আসবাবপত্র সরিয়ে দোকান ঘর বানানো হয়েছে। বেশ কিছুদিন ধরে এখানে ব্যবসা চালিয়ে যাচ্ছে অচিন্ত্যপুর গ্রামের রাশিদুল ইসলাম। গ্রামের লোকের অভিযোগ এই স্কুলের প্রধান শিক্ষক আহাম্মদ আলী এই পাঠদান কক্ষটি টাকার বিনিময়ে ভাড়া দিয়েছেন।

কিভাবে পাঠদান কক্ষ ভাড়া দিলেন এ নিয়ে সাধারণ মানুষের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। অচিন্ত্যপুর গ্রামের বাসিন্দা গণি বলেন বিদ্যালয় কক্ষে দোকান বসিয়ে ব্যবসা করা একদমই ঠিক না। প্রতিষ্ঠানে দোকান ঘর মেনে নেওয়া যায় না। এব্যাপারে প্রধান শিক্ষক আহাম্মদ আলী বলেন আমি দোকান ঘর ভাড়া দেইনি, রাশিদুল কিছুদিনের জন্য মালামাল নিয়ে ব্যবসা করছে তবে অচিরেই এখান থেকে দোকান উঠিয়ে দেওয়া হবে। এব্যাপারে মাধ্যমিক শিক্ষা অফিসার শামীম আহাম্মেদ বলেন কোন ক্রমেই পাঠদান কক্ষে দোকান ঘর বসিয়ে ব্যবসা পরিচালনা করা যাবে না, বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে ইটভাটা মালিকের ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে একটি ইট ভাটায় অভিযান চালিয়ে পঞ্চাশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। বৃহস্পতিবার দুপুরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারি কমিশনার(ভুমি) নুর ই আলম সিদ্দিকী।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট জানান, অবৈধ ভাবে ইট ভাটা স্থাপন ও ভাটাই ব্যাবহৃত মাটি ফেলে রাস্তায় যান চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করাই ধানখোলা হাড়িয়াদাহ এলাকায় এসবি ভাটা মালিকের ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় ভাটা এলাকার রাস্তা পরিস্কার রাখার নির্দেশ দেয়া হয়। এসময় গাংনী থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমান আদালত পরিচালনা কাজে সহযোগীতা করেন।

মেহেরপুরে আঞ্চলিক ইজতেমা শুরু

মেহেরপুরে ৩ দিনব্যাপী আঞ্চলিক ইজতেমা শুরু হয়েছে। মেহেরপুর তাবলীগ জামাত এর আয়োজনে মেহেরপুর সরকারি কলেজ মাঠের ইজতেমা চলবে আগামী শনিবার পর্যন্ত। শনিবার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে ইজতেমা শেষ হবে বলে জানিয়েছে আয়োজকরা।

বৃহস্পতিবার সকাল থেকেই ইজতেমা মাঠে লোক সমাগম হতে থাকে। এলাকা ভিত্তিক আলাদা আলাদা জায়গা নির্ধারণ করা হয়েছে। যেখানে জড় হচ্ছে মেহেরপুরসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা মুসল্লীরা।

ইজতেমা ঘিরে নেওয়া হয়েছে কঠর নিরাপত্তা ব্যবস্থা। জেলা পুলিশের চৌকশ দল, ফায়ার সার্ভিসের দলসহ সাদা পোশাকের পুলিশ সেখাবে অবস্থান করছে।

এদিকে ইজতেমা ঘিরে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে গড়ে উঠেছে অসংখ্য অস্থায়ী দোকান। যেখানে বিক্রি হচ্ছে, আতর, জায়নামাজ, পাঞ্জাবীসহ নানা ধরনের মুখরোচক খাবার।

ইজতেমার জিম্মাদার হামিদুর রশিদ জানান, আমাদের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ইতিমধ্যে মুসল্লীরা আসতে শুরু করেছে। আশা করছি আগামী শনিবার শান্তিপূর্ণ ভাবে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে ইজতেমা শেষ করতে পারবো।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে স্বামীর অস্ত্রের আঘাতে স্ত্রী ও জেষ্টিকা আহত

মুজিবনগরে স্বামী আজিল(৩৫) এর অস্ত্রের আঘাতে আহত হয়েছে স্ত্রী মুসলিমা খাতুন ও জেষ্টিকা মেগি। বৃহস্প্রতিবার সকাল এগারোটার দিকে বাগোয়ান কমিউনিটি ক্লিনিকের কাছে এ ঘটনা ঘটে। আজিল বাগোয়ান গ্রামের টাওয়ার পাড়ার মৃতঃ কটা মিরের ছেলে।

এদিকে মুসলিমা একই গ্রামের স্কুল পাড়ার মৃতঃ জোহরদ্দীন শেখের মেয়ে এবং আজিলের স্ত্রী। ও মেগি মুসলিমা খাতুনের বড় বোন। স্থানীয়রা জানান,আজিল মুসলিমাকে রেখে দৃত্বীয় বিয়ে করে। তারপর থেকে তাদের সংসারে অশান্তি সৃষ্টি হয়।

পরে মুসলিমা তার স্বামীর দৃত্বীয় স্ত্রীকে বাদ দিতে বললে আজিল মুসলিমাকে বাসা থেকে প্রায় ১ মাস আগে তার বাপের বাসায় পাঠিয়ে দেয়।
আজ বৃহস্প্রতিবার সকালে মুসলিমা তার বড় বোন মেগিকে নিয়ে কমিউনিটি ক্লিনিকে ঔষাধ নেয়ার পর মুসলিমার ভায়ের বাসা ক্লিনিকের পাশে থাকায় তারা ভায়ের বাসা যেতে চায়।
এদিকে, তার ভাই খোকনের চায়ের দোকানে বসে ছিলো আজিল।

স্ত্রীকে দেখতে পেয়ে আজিল তার বাসায় যাওয়ার জন্য চাপ সৃষ্টি করে। স্ত্রী তার স্বামীর বাসায় যেতে না চাইলে কথা কাটাকাটির এক পর্যায়ে আজিলের হাতে থাকা হাসুয়া দিয়ে স্ত্রীর ঘারে আঘাত করে। আঘাত করলে ঘার কেটে রক্ত বের হতে থাকে। এমন পর্যায়ে মুসলিমার বড় বোন ঠেকাতে গেলে তাকেও আঘাত করে। এতে করে হাতের আঙ্গুল কেটে যায়। চায়ের দোকানে থাকা মুসলিমার ভাই খোকন দেখতে পেয়ে তারাহুরো করে এসে আজিলের হাত থেকে হাসুয়া কেরে নিয়ে তাদের হাসপাতালে পাঠিয়ে দেয়। পরে পুলিশকে খবর দিলে আজিল ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, আমরা মৌখিক ভাবে খবর পাওয়ার পর পুলিশ ঘটনা স্থল পরিদর্শন করে।
ঘটনাস্থলে যাওয়ার আগেই মুসলিমার স্বামী পালিয়ে যায়। এখনো

প্রযন্ত আহতের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি।অভিযোগ পেলে আইনগত ব্যাবস্থা গ্রহন করা হবে।

গাংনীতে স্বামী হত্যার অভিযোগে স্ত্রী গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে স্বামীকে নির্যাতন করে মুখে বিষ ঢেলে দিয়ে হত্যার অভিযোগে স্ত্রী রোজিনা খাতুনেক (২৪) গ্রেফতার করেছে পুলিশ। বুধবার গভীর রাতে গাংনীর মালসাদাহ এলাকা থেকে তাকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশের একটি দল। গ্রেফতার রোজিনা খাতুন গাংনী উপজেলার দেবীপুর গ্রামের আতাহার আলীর মেয়ে।

মঙ্গলবার রাতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রোজিনার স্বামী সাইফুল ইসলাম (২৭) মারা যান। স্ত্রী ও তার পরিবারের লোকজন তাকে পিটিয়ে মুখে বিষ ঢেলে হত্যা করেছে এমন অভিযোগে গাংনী থানায় একটি মামলা দায়ের করেছেন নিহতের ভাই শরিফুল ইসলাম। মামলা নং ১১,তারিখ-১১/০৩/২০২১। ওই মামলার প্রধান আসামি হিসেবে রোজিনাকে গ্রেফতার করা হয়েছে বলে জানান মামলা তদন্তকারী কর্মকর্তা ইনস্পেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম।

অভিযোগে জানা গেছে, সোমবার (৮ মার্চ) রাতে পারিবারিক কলহের জের ধরে দেবীপুর গ্রামে শ^শুর বাড়িতে সাইফুল ইসলাম তার স্ত্রীকে ক্ষুর দিয়ে গলা কেটে হত্যার চেষ্টা চালায়। এতে স্ত্রী আহত হন। পরে শ^শুর বাড়ির লোকজন সাফুলকে নির্যাতন করে গাছের সাথে বেঁধে রেখে মুখে বিষ ঢেলে দেয়। আহত অবস্থায় স্বামী স্ত্রীকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সোমবার রাতে সাইফুলের মৃত্যু হয়।

মেহেরপুরে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে স্বামী-স্ত্রীকে কুপিয়ে জখম

মেহেরপুরে জমির সীমানা নির্ধারণ করাকে কেন্দ্র করে প্রতিপক্ষের ধারালো অস্ত্রের কোপে জখম হয়েছে স্বামী-স্ত্রী। বুধবার সন্ধায় মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর গ্রামের নিলমোনি পাড়ায় এঘটনা ঘটে।

আহতরা হলেন, একই গ্রামের মৃত নিফাজ উদ্দিন এর ছেলে সাবারুল(৩৫) ও তার স্ত্রী সীমা খাতুন(২৮)। আহতরা মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছে। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছিল।

আহত সাবারুলের মেয়ে সাদিয়া ইয়াসমীন জানান, আমাদের জমির শেষ সিমানায় একটি বাঁশের খুটি পোতা ছিলো। সেই খুটি প্রতিবেশী শরিফ তুলে ফেলে দেয়।

বুধবার সন্ধ্যায় আমার বাবা খুটি পোতার জন্য গেলে প্রতিবেশী শরিফ ও শরিফের বৌ মোরজিনা ও তাদের নাতনী বিজন, অকথ্য ভাষায় গালাগালি শুরু করে। একপর্যায়ে প্রতিবাদ জানালে তিন জন মিলে আমার বাবা ও মা কে এলো পাতাড়ি ভাবে দা, হাসুয়া দিয়ে কুপাতে থাকে।

এসময় আমার চিৎকারে আশেপাশের লোকজন আসতে থাকলে তারা আমার বাবা, ও মাকে রেখে পালিয়ে যায়। পরে আমার আশেপাশের লোকজন এসে আমার বাবা ও মাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসে।

স্থানীয়রা জানান, একই জমি নিয়ে সাবারুলের সঙ্গে প্রতিবেশী শরিফের দীর্ঘ দিন যাবত বিরোধ চলে আসছিল। এই নিয়ে মেহেরপুর জেলা জজ কোটে একটি মামলাও আছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে ফেনসিডিল রাখার অপরাধে আব্বাছ উদ্দীন (৫৬) নামের এক জনের যাবজ্জীবন কারাদণ্ড, পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো এক মাসের কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত।
বুধবার দুপুরে মেহেরপুরের জেলা ও দায়রা জজ এস এম আব্দুস সালাম জনাকীর্ণ আদালতে এ রায় ঘোষণা করেন। দণ্ডিত আব্বাছ উদ্দীন গাংনী উপজেলার গরীবপুর গ্রামের নুরাল হকের ছেলে।
জানা গেছে, ২০১৮ সালের ২২ অক্টোবর গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৩০ বোতল ফেনসিডিলসহ আব্বাছ উদ্দীনকে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে। গাংনী থানার তৎকালীন উপ-পরিদর্শক মকবুল হোসেন বাদী হয়ের ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর ৩(খ) ধারায় একটি মামলা দায়ের করেন।
মামলায় বাদী ও বিবাদী পক্ষের আইনজীবী ও সাক্ষিদের সাক্ষ্য গ্রহন শেষে আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হওয়ায় বিজ্ঞ আদালত আব্বাছ উদ্দীনের এ রায় দেন।
মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য ও আসামী পক্ষের কৌশলী ছিলেন কামরুল হাসান।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচএফপিও রিয়াজুল আলম বদলি

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচএফপিও রিয়াজুল আলমের বদলির আদেশ হয়েছে। গত ৪ মার্চ তারিখে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স থেকে নড়াইল জেলা হাসপাতালে জুনিয়র কনসালটেন্ট(সার্জারি) হিসেবে তাকে বদলি করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ উপসচিব পার-৩

মোঃ আবু রাইহান মিঞা এ আদেশ দেন।
ডাক্তার রিয়াজুল আলম গাংনী উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে গত ০২/১১/২০19 ইং তারিখে যোগদান করে দায়িত্ব পালন করছিলেন। বর্তমানে ভারপ্রাপ্ত হিসেবে স্বাস্থ্যকমপ্লেক্সে দায়িত্ব পালন করছেন ডাক্তার মোঃ খোকন রেজা। মেহেরপুর সিভিল সার্জন অফিস থেকে এতথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে স্ত্রী ও তার স্বজনের নির্যাতনে স্বামী মৃত্যুর অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে স্ত্রী ও তার পরিবারের লোকজনের নির্যাতনে আহত স্বামী সাইফুল ইসলাম মারা গেছেন। মঙ্গলবার রাতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু ঘটে। শুধু নির্যাতন নয় তাকে গাছে বেধে জোর পুর্বক কীটনাশক পান করিয়ে দেয় তারা। এমনি অভিযোগ করেছেন সাইফুলের পরিবার।

সোমবার রাতে পারিবারিক কলহের জের ধরে স্বামী সাইফুল স্ত্রী রোজিনার মধ্যে কথা কাটাকাটি ও মারধরের ঘটনা ঘটে। সাইফুলের ধারালো ক্ষুরের আঘাতে রোজিনা জখম হয়। একই সময়ে রোজিনা ইট দিয়ে সাইফুলের মাথা ফাটিয়ে দেয়। মঙ্গলবার সকালে রোজিনার বাবা মা রোজিনাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠালেও আহত সাইফুলকে চিকিৎসা না দিয়ে একটি গাছের সাথে বেধে রাখে। শুধু তাই নয়, মারধরের পাশাপাশি সাইফুলকে জোর পূর্বক কীটনাশক মুখে ঢেলে দেয়া হয়।

সাইফুলের পিতা ভাদু মণ্ডল জানান, সাইফুলকে গাছে বেঁধে মারধর ও মুখে কীটনাশক ঢেলে দেয়ার সংবাদ পেয়ে বামন্দী ক্যাম্প পুলিশের একটি টীম সাইফুলকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করে। তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করলে গভীর রাতে সাইফুলের মৃত্যু ঘটে।

স্ত্রী রোজিনা জানান, স্বামী সাইফুল মাদকাসক্ত। সে মাদক সেবন করে প্রায়ই নির্যাতন করতো। সোমবার রাতে সাইফুল ক্ষুর দিয়ে জবাই করার চেষ্টা করে। ক্ষুরের আঘাতে দু হাত জখম হয়। স্বামীর হাত থেকে রক্ষা পেতে রোজিনা ইট দিয়ে স্বামী সাইফুলের মাথা ফাটিয়ে দেয় বলেও স্বীকার করে। কীটনাশক পান করানোর ঘটনাটি মিথ্যা বলে দাবী করেন রোজিনা।

ঘটনার সত্যতা স্বীকার করে গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, পুলিশের একটি টীম সাইফুলকে আহত ও গাছে বাঁধা অবস্থায় উদ্ধার করে। পরে হাসপাতালে প্রেরণ করা হয়। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে সাইফুল মারা গেছে বলে তার পরিবারের লোকজন জানিয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত কোন মামলা হয়নি। মামলা হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ২৬ মার্চ ও স্বাধীনতা দিবস উদযাপনে প্রস্তুুতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী,জাতীয় শিশু দিবস,২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা করেছে উপজেলা প্রশাসন। বুধবার বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপত্বি করেন উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ।

এসময় প্রধান হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক,মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী প্রেসক্লাব সভাপতি প্রভাসক রমজান আলী প্রমুখ। এসময় গাংনী থানার ওসি বজলুর রহমান, বীর মুক্তিযোদ্ধা,বিভিন্ন সরকারী বেসরকারি প্রতিষ্ঠান প্রধান ও স্থানীয় সাংবাদিক বৃন্দরা উপস্থিত ছিলেন।